রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সার্কুলার নং আইসিটিবি-০২/২০১৮ তারিখ: ৩০-১০-২০১৮

বিষয়: নির্বাচন কমিশনের ডাটাবেইস হতে গ্রাহকদের KYC নিশ্চিত হওয়ার লক্ষ্যে জাতীয় পরিচয়পত্রের (NID) তথ্যাদি যাচাইকরণ।

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও জালিয়াতি প্রতিরোধ এবং ব্যাংকিং খাতকে এ বিষয়ক ঝুঁকি হতে মুক্ত রাখার লক্ষ্যে ব্যাংকের নতুন গ্রাহক, বিদ্যমান গ্রাহক, Benificiaries এবং ওয়াক-ইন কাস্টমারদের KYC সম্পাদনে গ্রাহক কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্রের সঠিকতা তাৎক্ষণিকভাবে যাচাই করা আবশ্যক। নির্বাচন কমিশনের ডাটাবেইস হতে জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের জন্য ০৪-০৭-২০১৮তারিখে নির্বাচন কমিশনের সাথে এ ব্যাংকের একটি চুক্তি সম্পাদিত হয়েছে। এতদুদ্দেশ্যে নির্বাচন কমিশন হতে ৩৮৬টি সাব ইউজার আইডি ব্যবহারের অনুমোদন নেয়া হয়েছে যা ব্যাংকের ৩৮১টি শাখা ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে ব্যবহার করা হবে।

২। এতদবিষয়ে ০৯-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৮৪তম সভায় একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ শর্তে ০১-১১-২০১৮ তারিখের মধ্যে NID যাচাই কার্যক্রম শুরু করার অনুমোদন দেয়া হয়:

"(ক) NID Verfication এর জন্য গ্রাহকের নিকট হতে প্রতিক্ষেত্রে ১০/- (দশ) টাকা চার্জ নির্ধারণ করে এতদসংক্রান্ত সার্কুলার জারী করতে হবে।

(খ) নির্বাচন কমিশনকে প্রতিটি NID Verfication এর জন্য নির্ধারিত হারে (প্রতিক্ষেত্রে ২/- (দুই) টাকা + ভ্যাট) বিল প্রদান করা যাবে।

(গ) ফরেন রেমিটেন্সের অর্থ প্রদানের ক্ষেত্রে NID Verfication এর জন্য কোন ফি আদায়যোগ্য হবে না।

(ঘ) নির্বাচন কমিশনের তথ্য-উপাত্ত কোন অবস্থাতেই অন্য কোন ব্যক্তি, স্বত্বা, পক্ষ বা প্রতিষ্ঠানকে হস্তান্তর, বিনিময়, বিক্রয়, কিংবা অন্য কোন পন্থায় প্রদান করা যাবে না। কোন নাগরিক সম্পর্কিত তথ্য-উপাত্তের গোপনীয়তা লঙ্ঘন বা অন্যবিধ বেআইনি ব্যবহারের জন্য নির্বাচন কমিশন কর্তৃক কোন আইনগত কার্যধারার উদ্ভব হলে সংশ্লিষ্ট শাখা/কার্যালয় দায়ী থাকবে।"

৩। এমতাবস্থায় পরিচালনা পর্ষদের উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক NID যাচাই কার্যক্রম পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

(i) ব্যাংকের গ্রাহকদের NID যাচাইয়ের জন্য প্রতিবার ১০/-(দশ) টাকা নগদে অথবা গ্রহকের একাউন্ট হতে আদায় করতে হবে। এ ১০/-(দশ) টাকা আয় উপখাত ৪৬/১৫ (NID Verfication Service Charge) -এ জমা করতে হবে।

(ii) ফরেন রেমিটেন্সের অর্থ প্রদানের ক্ষেত্রে NID Verfication এর জন্য কোন ফি আদায়যোগ্য হবে না।

(iii) প্রতিটি NID (Valid/Invalid) যাচাইয়ের পর তা রেজিস্টারে নিম্নের ছক মোতাবেক নথিভুক্ত করতে হবে:

NID যাচাই সংক্রান্ত তথ্য ছক

শাখার নাম:

ক্রঃ নং	তারিখ	গ্রাহকের নাম	জন্ম তারিখ	NID নং	তথ্যের সঠিকতা (সঠিক/সঠিক নয়)	চার্জ আদায় টাঃ	যাচাইকারীর	
							নাম	স্বাক্ষর

(iv) নির্বাচন কমিশনকে প্রতিটি আইডি যাচাইয়ের জন্য রাকাব, প্রধান কার্যালয় কর্তৃক ২/-(দুই) টাকা ও প্রযোজ্য হারে ভ্যাট প্রদান করতে হবে এবং প্রধান কার্যালয়ের বিবিধ ব্যয় খাত ১৩৩/৩৬ হতে NID যাচাই চার্জ পরিশোধ করতে হবে।

(v) নির্বাচন কমিশনের তথ্য-উপাত্ত কোন অবস্থাতেই অন্য কোন ব্যক্তি, সত্তা, পক্ষ বা প্রতিষ্ঠানকে হস্তান্তর, বিনিময়, বিক্রয়, কিংবা অন্য কোন পন্থায় প্রদান করা যাবে না। কোন নাগরিক সম্পর্কিত তথ্য-উপাত্তের গোপনীয়তা লঙ্ঘন বা অন্যবিধ বেআইনি ব্যবহারের জন্য নির্বাচন কমিশন কর্তৃক কোন আইনগত কার্যধারার উদ্ভব হলে সংশ্লিষ্ট শাখা/কার্যালয় দায়ী থাকবে।

(vi) NID Verification User Manual এদতসংগে সংযুক্ত করা হলো (সংযুক্তি-১)। User Manual এর ৩.৪ অনুচ্ছেদে বর্ণিত verify বাটনে সতর্কতার সাথে click করতে হবে। কারণ যতবার verify বাটনে click করা হবে, ততবার যাচাই চার্জ প্রদান করতে হবে। NID No. অথবা Birth Date এর যে কোন একটি ফিল্ড খালি রেখেও যদি verify বাটনে click করা হয়, সে ক্ষেত্রেও যাচাই চার্জ প্রদান করতে হবে। কাজেই সঠিক NID No. ও Birth Date ইনপুন দিয়েই verify বাটনে click করতে হবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

৩০/১০/২০১৮
(অশোক কুমার আচার্য্য)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/আইসিটিবি-৯০/২০১৮-২০১৯/২৯৪(৪৪৮) তারিখ: ৩০-১০-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রজেক্ট ডিরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা/এলপিও।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি।

৩০/১০/২০১৮
(মোঃ আবুল কালাম)
সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সমন্বয়)

NID Verification User Manual

১.০ Login প্রক্রিয়া:

১.১ RAKUB M2M Plan এর নির্ধারিত SIM সম্বলিত মডেম ব্যবহার করে কম্পিউটারের ব্রাউজারে https://192.168.249.10/partner/ আইপি এড্রেসসহ লিংক টাইপ করে এন্টার key pressকরলে নিম্নোক্ত loging window পাওয়া যাবে:



১.২ প্রধান কার্যলয়ের আইসিটি বিভাগ হতে শাখার ই-মেইল এড্রেসে প্রেরিত Username ও Password ব্যবহার করে Login Button -এ Click করলে নিম্নের window পাওয়া যাবে:



২.০ Default Password পরিবর্তন:

২.১ নিরাপত্তার স্বার্থে প্রথমেই Default Password পরিবর্তন করে নতুন Strong Password দিতে হবে এবং তা গোপনীয়ভাবে সংরক্ষণ করতে হবে। Default Password পরিবর্তন করার জন্য Account Seting -এ ক্লিক করলে নিম্নের window পাওয়া যাবে:



২.২ Edit Button -এ Click করার পর নিম্নের window হতে প্রয়োজনীয় তথ্য পরিবর্তন এবং Old Passward, New Password & Re-Type New Password দিয়ে update Button -এ Click করলে Passward পরিবর্তন হবে।



৩.০ NID যাচাই প্রক্রিয়া:

৩.১ পরিবর্তিত/নতুন password দিয়ে পুনরায় login করলে নিম্নের window পাওয়া যাবে:

৩.২ ID No. ইনপুট বক্সে NID Number টাইপ করুন।

৩.৩ Birth Date ইনপুট বক্সে জন্ম তারিখ টাইপ করুন (Date Format: yyyy-mm-dd, Example: 1985/01/30)।

৩.৪ Verify Button -এ Click করুন।

৩.৫ NID সঠিক হলে নিম্নোক্ত 'Verification is successful' মেসেজ দেখাবে যা প্রিন্ট করে সংরক্ষণ করা যাবে।



৩.৬ NID সঠিক না হলে নিম্নোক্ত 'Verification is failed' মেসেজ দেখাবে যা প্রিন্ট করে সংরক্ষণ করা যাবে।



৪.০ বিঃ দ্রঃ Verify বাটনে সতর্কতার সাথে click করতে হবে। কারণ যতবার verify বাটনে click করা হবে, ততবার যাচাই চার্জ প্রদান করতে হবে। NID No. অথবা Birth Date এর যে কোন একটি ফিল্ড খালি রেখেও যদি verify বাটনে click করা হয়, সে ক্ষেত্রেও যাচাই চার্জ প্রদান করতে হবে। কাজেই সঠিক NID No. ও Birth Date ইনপুন দিয়েই verify বাটনে click করতে হবে।

৩০/১০/১৮
(মোঃ আবুল কালাম)

৩০/১০/১৮
(মোঃ নাজবুল হক)
সিনিয়র প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
রাকাব,প্রধান কার্যালয়,রাজশাহী